# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৬৮

১/ বিবিধ

আরবী

حبك الشيء يعمي ويصم
ضعيف

أخرجه البخاري في " التاريخ الكبير " (2 / 1 / 157) وأبو داود (5130) وأحمد (5 / 194 و6 / 650) وعبد بن حميد في " المنتخب من المسند " (ق 28 / 1) والدولابي في " الكنى " (1 / 101) وابن عدي في " الكامل " (ق37 / 2) والقضاعي في " مسند الشهاب " (12 / 1) وأبو بكر الكلاباذي في " مفتاح المعاني " (ق 193 / 1) وابن عساكر في " تاريخ دمشق " (5 / 178 /2 و3 / 249 / 2) وابن الجوزي في " ذم الهو ى " (ص 20) من طريق الخرائطي عن أبي بكر بن أبي مريم عن خالد بن محمد عن بلال بن أبي الدرداء عن أبي الدرداء عن النبي صلى الله عليه وسلم.. فذكره. قلت: وهذا إسناد ضعيف، من أجل أبي بكر هذا، فإنه كان اختلط مع سوء حفظ، وقد اختلفوا عليه في إسناده، فرواه جماعة
عنه هكذا مرفوعا، ورواه بعضهم عنه موقوفا. فقال أحمد عقب الحديث: "وحدثناه أبو اليمان لم يرفعه ". وقال البخاري عقبه أيضا: " وقال الوليد: عن أبي بكر عن بلال عن أبي الدرداء عن النبي صلى الله عليه وسلم ". فأسقط من السند خالد بن محمد، وهو الثقفي. وأبو بكر مع ضعفه المذكور، قد خولف في رفعه. فرواه حريز بن عثمان عن بلال بن أبي الدرداء عن أبي الدرداء قال: فذكره موقوفا عليه. وتابعه أم الدرداء عن أبي الدرداء به. أخرجه البخاري في

" التاريخ "، فقال: " وقال سعيد بن أبي أيوب عن حميد بن مسلم سمع أم الدرداء".
وقد وصله البخاري، وعنه ابن عساكر في ترجمة حميد هذا (5 / 178 / 2) ولم يذكر فيه جرحا ولا تعديلا، وكذلك صنع ابن أبي حاتم في كتابه (1 / 2 / 229) . وفي سند الموقوف قبله بكر بن فرقد أبو أمية التميمي، ولم أجد من ترجمه وعلى كل حال فالموقوف أقوى من المرفوع، ولهذا قال السيوطي في "الدرر " كأصله: " الوقف أشبه ". كما نقله المناوي في " الفيض ". نعم قد رواه عبد الله بن هانىء مرفوعا، فقال: أخبرنا أبي أخبرنا إبراهيم بن أبي عبلة عن
بلال بن أبي الدرداء به مرفوع. أخرجه ابن عساكر (17 / 209 / 2) . لكن ابن هانىء هذا قال الذهبي: " اتهم بالكذب ". وعزاه في " الجامع الكبير " (2 / 13) لابن عساكر عن أبي حنيفة عن عبد الله بن أنيس، والخرائطي في " اعتلال القلوب " عن أبي برزة الأسلمي

বাংলা

১৮৬৮। কোন বস্তুকে তোমার ভালোবাসা অন্ধ এবং বধির বানিয়ে ফেলে।

হাদীসটি দুর্বল।

এটিকে ইমাম বুখারী "আততারীখুল কাবীর” গ্রন্থে (২/১/১৫৭), আবু দাউদ (৫১৩০), আহমাদ (৫/১৯৪, ৬/৬৫০), আবূদ ইবনু হুমায়েদ “আলমুনতাখাব মিনাল মুসনাদ’ গ্রন্থে (কাফ ২৮/১), দূলাবী "আলকুনা" গ্রন্থে (১/১০১), ইবনু আদী “আলকামেল” গ্রন্থে (কাফ ৩৭/২), কাযাঈ “মুসনাদুশ শিহাব” গ্রন্থে (১/১২), আবূ বকর কালাবাযী “মিফতাহুল মায়ানী” গ্রন্থে (কাফ ১/১৯৩), ইবনু আসাকির “তারীখু দেমাস্ক” গ্রন্থে (৫/১৭৮/২, ৩/২৪৯/২) ও ইবনুল জাওযী “যাম্মুল হাও” গ্রন্থে (পৃঃ ২০) খারায়েতী সূত্রে আবু বাকর ইবনু আবূ মারইয়াম হতে, তিনি খালেদ ইবনু মুহাম্মাদ হতে, তিনি বিলাল ইবনু আবুদ দারাদা হতে, তিনি আবুদ দারাদা (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ আবূ বকরের কারণে সনদটি দুর্বল। কারণ মন্দ হেফযের অধিকারী হওয়া সত্ত্বেও তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। বর্ণনাকারীগণ তার সনদের ব্যাপারে মতভেদ করেছেন। একদল তার থেকে এভাবে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন। আর তাদের কেউ কেউ তার থেকে মওকুফ হিসেবে বর্ণনা করেছেন। ইমাম আহমাদ হাদীসটির পরক্ষণেই বলেনঃ আবুল ইয়ামান হাদীসটিকে মারফু হিসেবে বর্ণনা করেননি।

ইমাম বুখারী বলেনঃ অলীদ বলেনঃ আবু বাকর হতে, তিনি বিলাল হতে, তিনি আবুদ দারদা (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। সনদ হতে খালেদ ইবনু মুহাম্মাদ সাকাফীকে ফেলে দেয়া হয়েছে।

আবু বাকর দুর্বল হওয়া সত্ত্বেও, হাদীসটিকে মারফু হিসেবে বর্ণনা করার ক্ষেত্রে তার বিরোধিতা করা হয়েছে। হুরাইজ ইবনু উসমান হাদীসটিকে বিলাল ইবনু আবুদ দারদ হতে, তিনি আবুদ দারদা (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ ...। তার থেকে মওকুফ হিসেবে উল্লেখ করা হয়েছে।

উম্মুদ দারদা আবুদ দারদা (রাঃ) হতে (মওকুফ হিসেবে) বর্ণনা করার ক্ষেত্রে তার (হুরায়েযের) মুতাবায়াত করেছেন।

এটিকে ইমাম বুখারী "আততারীখ" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ সাঈদ ইবনু আবূ আইউব বলেনঃ হুমায়েদ ইবনু মুসলিম হতে, তিনি উম্মুদ দারদা হতে শুনেছেন। ইমাম বুখারী এটিকে মওসূল হিসেবে বর্ণনা করেছেন। আর তার থেকে ইবনু আসাকির হুমায়েদের জীবনীতে (৫/১৭৮/২) উল্লেখ করেছেন। কিন্তু তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই উল্লেখ করেননি।

ইবনু আবী হাতিমও তার কিতাবে (১/২/২২৯) তাই করেছেন। এর পূর্বে মওকূফের সনদে বাকর ইবনু ফারকাদ আবু উমাইয়্যাহ্ তামীমী রয়েছেন। কে তার জীবনী উল্লেখ করেছেন আমি পাচ্ছি না। সর্বাবস্থায় মারফু হওয়ার চেয়ে মওকুফ হওয়ায় বেশী শক্তিশালী। এ কারণেই সুয়ূতী বলেছেনঃ এটি মওকুফ হওয়ার সাথেই বেশী সাদৃশ্যপূর্ণ। যেমনটি মানবী তার থেকে "আলফায়েয" গ্রন্থে উল্লেখ করেছেন।

হ্যাঁ, হাদিসটিকে আবদুল্লাহ ইবনু হানী তার পিতা হতে, তিনি ইবরাহীম ইবনু আবূ আবলাহ হতে, তিনি বিলাল ইবনু আবুদ দারাদা হতে মারফূ’ হিসেবে বর্ণনা করেছেন। এটিকে ইবনু আসাকির (১৭/২০৯/২) বর্ণনা করেছেন। কিন্তু এ ইবনু হানী সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ তাকে মিথ্যা বর্ণনা করার দোষে দোষী করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72751

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন